(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
শেরপুর
(রাজস্ব শাখা)

স্মারক নং - ৩১.৪৫.৮৯০০.০১০.১১.০০২.২২. ৩৭২

তারিখ : ২১ চৈত্র ১৪২৮ / ০৪ এপ্রিল ২০২২

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখার ১৮ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৪.২১.২১ নং স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে ও বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর ৩০ জানুয়ারি ২০২২ তারিখের ০৫.৪৫.০০০০.০১০.১১.০০৭.২১.১৯ নং স্মারকের পরিপ্রেক্ষিতে এবং ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখার ০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৪.২১.৫৭ নং স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এর রাজস্ব প্রশাসনের আওতাভুক্ত ১৬তম ও ২০তম গ্রেডের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য শেরপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে http://dcsherpur.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬<br>বেতন স্কেল<br>৯৩০০-২২৪৯০/- | ০৫ (পাঁচ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজীতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ২ | ট্রেসার | গ্রেড-১৬<br>বেতন স্কেল<br>৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ড্রয়িং বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা<br>(ঘ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজীতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৩ | নাজির-কাম-ক্যাশিয়ার | গ্রেড-১৬<br>বেতন স্কেল<br>৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজীতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৪ | মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬<br>বেতন স্কেল<br>৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজীতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৫ | সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬<br>বেতন স্কেল<br>৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজীতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | সার্টিফিকেট পেশকার | গ্রেড-১৬<br>বেতন স্কেল<br>৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজীতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৭ | ক্রেডিট চেকিং-কাম- সায়রাত সহকারী | গ্রেড-১৬<br>বেতন স্কেল<br>৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজীতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৮ | অফিস সহায়ক | গ্রেড-২০<br>বেতন স্কেল<br>৮২৫০-২০০১০/- | ১৪ (চৌদ্দ) টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে**

১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও শেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। প্রার্থীর বয়স ১০/০৪/২০২২ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে।

৪। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অব্যশই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

৫। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৬। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মোতাবেক লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৭। চাকুরীর জন্য আবেদন অনলাইনে আগামী ১০/০৪/২০২২ খ্রি. তারিখ রাত ১২.০১ ঘটিকা হতে ১৯/০৫/২০২২ খ্রি. রাত ১১.৫৯ পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

৮। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন করা হবে।

৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। তাছাড়া চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না।

১১। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১২। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি/বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৩। প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকান টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dcsherpur.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।
আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ১০/০৪/২০২২ খ্রি. রাত ১২:০১ টা।

ii. Online -এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ১৯/০৫/২০২২ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ Pixel), স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন ।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application`s Copy পাবেন। উক্ত Application`s Copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Application's Copy তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই)টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর SMS সার্ভিস চার্জ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

নিয়মাবলী:

প্রথম SMS: **DCSHERPUR**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DCSHERPUR ABCDEFGH** send to 16222.

Reply: Application`s Name Taka 112/- Will be charged as application fee. Your PIN 12345678.
To pay fee Type **DCSHERPUR**<space>**YES**<space>**PIN** and Send to 16222.

দ্বিতীয় SMS: **DCSHERPUR**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে ।

Example: **DCSHERPUR YES 12345678** & send to 16222

Reply: Congratulation Applicant's Name payment completed successfully for **DC SHERPUR** Application for xxxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxxxxxxxx)

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ password পাবেন।

চ. SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং password টি ভবিষ্যতে প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ. SMS এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অব্যশই প্রদর্শন করতে হবে।

জ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ঝ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dcsherpur.teletalk.com.bd** অথবা জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এর **www.sherpur.gov.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে।

ঞ. শুধু Teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে: DCSHERPUR**<space>**HELP**<space>**User**<space>**User ID**লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCSHERPUR HELP User ABCDEF & send to 16222.

ii. **PIN জানা থাকলে: DCSHERPUR<space>HELP<space>PIN<space>PIN No** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DCSHERPUR HELP PIN 12345678** & send to 16222.

ট. Online- এ আবেদন করতে কোন সমস্যা হলে, যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এছাড়াও alljobs.query@teletalk.com.bdএই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: **DCSHERPUR**, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৫. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তাঁর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক-ছ) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে (মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে দুটি) সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদসহ)।

খ) জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ ও অন্যান্য সনদ।

গ) কোটার স্বপক্ষে প্রার্থীর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ অথবা প্রমাণপত্র। যেমন-

i) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ii) প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ।

iii) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদ।

iv) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।

ঘ) অনলাইনে পুরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) ।

ঙ) পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি।

চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ) সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাস মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণ সনদ।

১৬. নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এর website: www.sherpur.gov.bd এ প্রচার করা হবে। বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত অন্যান্য তফসিল সময়ে সময়ে প্রচার করা হবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৮.ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমন কি নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পুরণ ও ফি জমা করার পরামর্শ দেয়া হলো।


মোঃ মোমিনুর রশীদ ১০/৮/২২
জেলা প্রশাসক
শেরপুর
ফোনঃ ০২৯৯৭৭৮১৯০০
Email:dcsherpur@mopa.gov.bd

স্মারক নং - ৩১.৪৫.৮৯০০.০১০.১১.০০২.২২. .৩৭২ তারিখ : ২১ চৈত্র ১৪২৮ / ০৪ এপ্রিল ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি, তেজগাঁও, ঢাকা।
০৭. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৮. জেলা প্রশাসক, ......................... (সকল)।
০৯. পুলিশ সুপার, শেরপুর।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শেরপুর।
১১. উপসচিব, মাঠ প্রশাসন-১ শাখা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।
১৩. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শেরপুর।
১৪. উপজেলা নির্বাহী অফিসার, ............................. (সকল), শেরপুর। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৫. সহকারী কমিশনার (ভূমি) ................................ (সকল), শেরপুর।(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শেরপুর। (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েবসাইটে নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
১৭. সম্পাদক, ...................................................... (তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ভিতরের পাতায় আগামী ০২ (দুই) দিনের মধ্যে (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) এক দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।
১৮. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২ (তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
১৯. অফিস কপি ।

০৪/৪/২২

জেলা প্রশাসক
শেরপুর।